দৈনিক বাংলা

তারিখ ... 25/9/74 ...
পৃষ্ঠা ... 12 কলাম ... 1 ...

076

# শিক্ষক নেতৃত্ব প্রশিক্ষণ ওয়ার্কশপ সমাপ্ত

বিশ্ব শিক্ষক সংঘ, কানাডিয়ান শিক্ষক ফেডারেশন ও বাংলাদেশ শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে আয়োজিত সপ্তাহব্যাপী শিক্ষক নেতৃত্ব প্রশিক্ষণ ওয়ার্কশপ গত শনিবার সমাপ্ত হয়েছে।

এই ওয়ার্কশপের সমাপ্তি অধিবেশনে ভাইস প্রেসিডেন্ট বিচারপতি আবদুস সাত্তার ও শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ যথাক্রমে প্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত ওয়ার্কশপে বিশ্ব শিক্ষক সংঘের সহকারী পরিচালক এলোয়সিয়াস ম্যাথিউস এবং কেনাডিয়ান শিক্ষক ফেডারেশনের আন্তর্জাতিক পরিচালক মিঃ রবার্ট এস বার্কার বিশেষজ্ঞরূপে যোগদান করেন।

খবর সংবাদ বিজ্ঞপ্তির।